

মুগান্ধ

প্রিন্ট: ১৯ অক্টোবর ২০২৫, ১১:১২ এএম

সারাদেশ

হবিগঞ্জ এক কলেজে শতভাগ ফেল, ৪ প্রতিষ্ঠানে পাশ একজন করে



হবিগঞ্জ প্রতিনিধি

প্রকাশ: ১৭ অক্টোবর ২০২৫, ০৮:০১ পিএম



হবিগঞ্জের মাধবপুরে সৈয়দ সঙ্গী উদ্দিন উচ্চ বিদ্যালয় অ্যান্ড কলেজ থেকে এবারের এইচএসসি পরীক্ষায় অংশ নেওয়া ৭ শিক্ষার্থীর কেউই পাশ করতে পারেনি। জেলায় শতভাগ ফেল হওয়া একমাত্র শিক্ষাপ্রতিষ্ঠান এটি।

জেলার আরও চার প্রতিষ্ঠানে পাশ করেছেন একজন করে। এছাড়া ৪৩টি প্রতিষ্ঠানে পাশের হার ৫০ শতাংশেরও কম।

বৃহস্পতিবার প্রকাশিত এইচএসসি পরীক্ষার ফলাফল বিশ্লেষণে এসব তথ্য উঠে এসেছে।

একজন করে পাশ করা প্রতিষ্ঠানগুলো হলো- বানিয়াচংয়ের রত্না উচ্চ বিদ্যালয় অ্যান্ড কলেজে ১১ জনের মধ্যে একজন, লাখাইয়ের মোড়াকরি হাইস্কুল অ্যান্ড কলেজে ২০ জনের মধ্যে একজন, ভবানীপুর হাইস্কুল অ্যান্ড কলেজ ১৮ জনের মধ্যে একজন ও চুনারুঘাট উপজেলার শানখলা আলীম মাদ্রাসায় ১৩ জনের মধ্যে একজন পাশ করেছেন।

অর্ধেকের বেশি শিক্ষার্থী ফেল করেছে এমন প্রতিষ্ঠানের মধ্যে মাধবপুরের (সব) ১০টি প্রতিষ্ঠান রয়েছে। এছাড়া বানিয়াচংয়ে চারটি, লাখাইয়ে তিনটি, সদর উপজেলায় নয়টি, নবীগঞ্জে চারটি, চুনারুঘাটে সাতটি, শায়েস্তাগঞ্জে দুটি, বাহুবলে তিনটি এবং আজমিরীগঞ্জ উপজেলায় একটি প্রতিষ্ঠান রয়েছে।